

২০২০-২০২১ অর্থবছরে
হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড-এর উদ্ভাবনী উদ্যোগ ও সেবাসহজিকরণের ডকুমেন্টেশন



চিত্র : হিল ইনোভেশন টিমের সদস্যবৃন্দ

উদ্ভাবনের নামঃ হোটেলের শোভাবর্ধন ও অতিথিদের আকৃষ্টকরণের লক্ষ্যে বিদ্যুৎ সাশ্রয়ী ও পরিবেশবান্ধব LED সাইনেজ স্থাপন

উদ্ভাবনী উদ্যোগের বিষয়বস্তুঃ প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলের ঐতিহ্য ও সুনাম বজায় রেখে হোটেলের শোভাবর্ধন ও অতিথিদের আকৃষ্টকরণের লক্ষ্যে বিদ্যুৎ সাশ্রয়ী ও পরিবেশবান্ধব LED সাইনেজ স্থাপন

উদ্যোগ চালুর তারিখঃ ১৮-০১-২০২১

উদ্যোগ বাস্তবায়ন স্থলঃ প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল

কর্মক্ষেত্রে সাধিত উন্নয়নসমূহঃ

১. স্বাভাবিক ও মেঘলা দিনেও অনেক দূর থেকে হোটেলের সাইনেজটি পরিষ্কারভাবে দৃশ্যমান হয়, যা অতিথিদের দৃষ্টি আকর্ষণ করতে পূর্বের তুলনায় সমর্থ হবে
২. **LED** সাইনেজ পরিবেশবান্ধব হওয়াতে পরিবেশ রক্ষার বিষয়টিও বিবেচ্য হবে
৩. এটি বিদ্যুৎ সাশ্রয়ী হওয়াতে, বছরের পর বছর হোটেলের অনেক বিদ্যুৎ খরচ কমে যাবে
৪. **LED** সাইনেজ নিয়ন সাইনেজের তুলনায় অনেক সহজে ও কম খরচে বদলে ফেলা সম্ভব হওয়াতে, এটি রক্ষনাবেক্ষন করা সহজ
৫. হোটেলের আশেপাশের ভৌগোলিক অবস্থানে হোটেলের নান্দনিকতার পরিচয় বহন করে

| TCV | পূর্বের অবস্থা | বর্তমান অবস্থা |
|----------------------------------|-----------------------------------|--|
| Time (সময়) | রক্ষনাবেক্ষন বাবদ সময় বেশি লাগতো | রক্ষনাবেক্ষন বাবদ এখন খুব কম সময় লাগে |
| Cost (খরচ) | রক্ষনাবেক্ষন বাবদ অনেক খরচ লাগতো | এখন রক্ষনাবেক্ষন বাবদ খুব অল্প খরচ হয় |
| Value (অন্তর্নিহিত মূল্য) | অতিথিদের নিকট কম ছিল | অতিথিদের নিকট দৃষ্টিনন্দন হয়েছে ও আগ্রহ বেড়েছে |

চিত্রঃ



উদ্ভাবনের নামঃ অতিথি সেবা সহজ ও প্রাণবন্ত করে তুলতে হোটেলের অভ্যন্তরে আধুনিক ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন

উদ্ভাবনী উদ্যোগের বিষয়বস্তুঃ ডিজিটাল বাংলাদেশে আধুনিক ডিজিটাল ডিসপ্লে , হোটেলের অভ্যন্তরে আগত অতিথিদের হোটেল সম্পর্কিত নানা আকর্ষণীয় তথ্য প্রাপ্তির অভিজ্ঞতা-কে আরো প্রাণবন্ত করে তোলে। এইজন্যে আধুনিক হোটেল হিসেবে প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল এই উদ্যোগ গ্রহণ করেছে।

উদ্যোগ চালুর তারিখঃ ২৮-১২-২০২০


উদ্যোগ বাস্তবায়ন স্থলঃ প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল

কর্মক্ষেত্রে সাধিত উন্নয়নসমূহঃ

১. ডিজিটাল বাংলাদেশে আধুনিক ডিজিটাল ডিসপ্লে , হোটেলের অভ্যন্তরে আগত অতিথিদের হোটেল সম্পর্কিত নানা আকর্ষণীয় তথ্য প্রাপ্তির অভিজ্ঞতা-কে আরো প্রাণবন্ত করে তুলবে
২. হোটেলের বিভিন্ন লোভনীয় অফার ডিজিটাল ডিসপ্লে মাধ্যমে সহজেই উপস্থাপন করা সম্ভব হবে
৩. হোটেলের অভ্যন্তরে অতিথি সেবার ক্ষেত্রে আধুনিক প্রযুক্তির ব্যবহার যুক্ত হবে
৪. ডিজিটাল ডিসপ্লে পরিবেশবান্ধব, বিদ্যুৎ সাশ্রয়ী, টেকসই, রক্ষনাবেক্ষন করা সহজ
৫. তাছাড়া প্রতিবার নতুন নতুন অফার ভিত্তিক ব্যানার ডিজাইন ও প্রিন্ট করার খরচ থেকেও রক্ষা করবে

| TCV | পূর্বের অবস্থা | বর্তমান অবস্থা |
|----------------------------------|--|--|
| Time (সময়) | ব্যানার ও পোস্টার বাবদ বার বার অনেক সময় ব্যয় হতো | ডিজিটাল উপায়ে খুব অল্প সময়ে সহজেই অফারসমূহ পরিবর্তন, পরিমার্জন করা যায় |
| Cost (খরচ) | ব্যানার ও পোস্টার বাবদ বার বার খরচ লাগতো | বিদ্যুৎ খরচ ও ডিসপ্লে স্থাপন বাবদ খরচ হয়েছে |
| Value (অন্তর্নিহিত মূল্য) | প্রযোজ্য নয় | হোটেলের প্রমোশনাল অফারসমূহের আকর্ষণীয় উপস্থাপনা ও আধুনিক প্রযুক্তির ব্যবহার |

চিত্রঃ



উদ্ভাবনের নামঃ চীনা অতিথিদের আকৃষ্টকরণে ও বাড়তি সুবিধার্থে বিশেষ অন-লাইন রিজার্ভেশন ব্যবস্থা- WE CHAT অ্যাপ প্ল্যাটফর্ম চালুকরণ

উদ্ভাবনী উদ্যোগের বিষয়বস্তুঃ হোটেল। তার ঐতিহ্যের খারাবাহিকতায়, হোটেলের সেবার মানের উন্নতি ও হোটেল অভিজ্ঞতাকে বিশেষতঃ চীনা অতিথিদের জন্যে আকর্ষণীয় করে তুলতে এটি একটি অনন্য উদ্যোগ।

উদ্যোগ চালুর তারিখঃ ২৮-১২-২০২০

উদ্যোগ বাস্তবায়ন স্থলঃ প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল

কর্মক্ষেত্রে সাথিত উন্নয়নসমূহঃ

১. হোটেলের সেবার মানের উন্নতি ও হোটেল অভিজ্ঞতাকে বিশেষতঃ চীনা অতিথিদের জন্যে আকর্ষণীয় করে তুলতে এটি একটি অনন্য উদ্যোগ
২. আমাদের হোটেলে আগত অতিথিদের মধ্যে চীনা অতিথিদের সংখ্যা বেশী হয়ে থাকে বিধায় বাংলাদেশে আমরাই প্রথম চীনের সবচেয়ে জনপ্রিয় সামাজিক যোগাযোগের মাধ্যম **WE CHAT** অ্যাপ-কে সফলভাবে অতিথি সেবার ক্ষেত্রে ব্যবহার করছি
৩. চীনা অতিথিদের ক্ষেত্রে এই অ্যাপটি তুমুল জনপ্রিয়, তারা খুব সহজেই চাইনিজ ভাষাতে আমাদের হোটেলের রুম বুকিং, বিভিন্ন সেবা ও অফার গ্রহণ করতে পারবেন
৪. এছাড়াও বিল পরিশোধের ক্ষেত্রেও তারা চাইনিজ ইউয়ান-এর মাধ্যমে পরিশোধ করতে পারবেন
৫. চীনা অতিথিদের জন্যে কভিড পরবর্তী সময়ে বিশ্বমানের অতিথি সেবা প্রদানের লক্ষ্যে আমরা যে প্রস্তুত তা প্রমানের সময়োচিত উদ্যোগ

| TCV | পূর্বের অবস্থা | বর্তমান অবস্থা |
|-------------------------------------|----------------|---|
| Time (সময়) | প্রযোজ্য নয় | ডিজিটাল উপায়ে, চীনা অতিথিরা খুব কম সময় ব্যয় করে আমাদের হোটেলের পছন্দসই কক্ষ ও সুবিধাদি নিতে সক্ষম |
| Cost (খরচ) | প্রযোজ্য নয় | চীনের জনপ্রিয় wechat অ্যাপ বিনা খরচে ডাউনলোড ও ব্যবহার করা যায় |
| Value (অন্তর্নিহিত মূল্য) | প্রযোজ্য নয় | চীনা অতিথিদের জন্যে বাড়তি সুবিধাদি যুক্ত হয়েছে- নিজস্ব ভাষাতে আমাদের হোটেলের কক্ষ থেকে শুরু করে সব সুবিধাই খুব সহজে নিতে পারবেন |

চিত্রঃ

